কালের কণ্ঠ

তারিখ 04 APR 2016
পৃষ্ঠা 2 কলাম 7

# ঢাবিতে ছাত্রলীগের দুই পক্ষে সংঘর্ষ, আহত ৭

ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি ▷

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) মুক্তিযোদ্ধা জিয়াউর রহমান হল ও মাস্টারদা সূর্য সেন হলের ছাত্রলীগের দুই গ্রুপে সংঘর্ষের ঘটনা ঘটেছে। এতে উভয় পক্ষে সাত শিক্ষার্থী আহত হয়েছে। আহতদের ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়। গত বৃহস্পতিবার রাতে বিশ্ববিদ্যালয়ের মল চত্বর এলাকায় প্রথম দফায় হাতাহাতি এবং পরে ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালের সামনে সংঘর্ষের ঘটনা ঘটে।

আহতরা হলেন সূর্য সেন হল ছাত্রলীগের শিক্ষা ও পাঠচক্র বিষয়ক সম্পাদক ও সমাজবিজ্ঞান বিভাগের চতুর্থ বর্ষের ছাত্র মোখলেছুর রহমান, দর্শন বিভাগের তৃতীয় বর্ষের জাবেদ মুন্না, ইতিহাস বিভাগের পারভেজ হোসেন। জিয়াউর রহমান হলের আহতরা হলেন রাষ্ট্রবিজ্ঞান বিভাগের নাসির উদ্দিন, আব্দুল গফফার, বশির উদ্দিন ও রুস্তম।

প্রত্যক্ষদর্শী সূত্রে জানা যায়, ছাত্রলীগের পরিবেশবিষয়ক উপসম্পাদক ও সূর্য সেন হলের ছাত্র নাজমুল হুদা রাজিব রাতে একটি মেয়ের সঙ্গে বিশ্ববিদ্যালয়ের মল চত্বরে বসে ছিলেন। পাশ দিয়ে যাচ্ছিলেন জিয়া হল ছাত্রলীগের কয়েকজন সদস্য। এ সময় তাঁরা রাজিবকে ঘিরে ফেলেন এবং লাঞ্ছিত করেন। জিয়া হলের ছাত্রদের দাবি, 'আপত্তিকর' অবস্থায় বসে থাকা নিয়ে তর্কবিতর্কের পর সূর্য সেন হল থেকে জুনিয়রদের নিয়ে এসে রাজিব তাঁদের মারধর করেছেন। এ সময় মল চত্বরে প্রথম দফা সংঘর্ষে উভয় পক্ষের ছয়জন আহত হয়। সংঘর্ষের খবর পেয়ে সূর্য সেন হল ছাত্রলীগের নেতা মোখলেছুর রহমান আহতদের দেখতে ঢাকা মেডিক্যালে গেলে জিয়া হলের ছাত্ররা তাঁকেও মারধর করে।

> প্রথমে ক্যাম্পাসে হাতাহাতি ও পরে ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালের সামনে গিয়ে তা সংঘর্ষে রূপ নেয়

ঘটনার পরই ছাত্রলীগের সভাপতি সাইফুর রহমান সোহাগ ও সাধারণ সম্পাদক জাকির হোসাইন এবং ঢাবি ছাত্রলীগের সভাপতি আবিদ আল হাসান ও সাধারণ সম্পাদক মোতাহার হোসেন প্রিন্স এসে উভয় পক্ষকে নিবৃত্ত করেন।

এ বিষয়ে ঢাবি ছাত্রলীগের সভাপতি সভাপতি আবিদ আল হাসান বলেন, 'উভয় পক্ষের মধ্যে ভুল বোঝাবুঝি থেকে ঘটনার সূত্রপাত হয়। আমরা তদন্ত করে জড়িতদের বিরুদ্ধে ব্যবস্থা নেব।'

ছাত্রলীগের সভাপতি সাইফুর রহমান সোহাগ বলেন, 'আমরা ঘটনা সম্পর্কে জেনেছি। তবে এ ঘটনার জন্য যারা দায়ী এখনো তাদের পরিচয় নিশ্চিত না হওয়ায় কোনো সাংগঠনিক ব্যবস্থা নেওয়া হয়নি। নির্দোষ কেউ যাতে শাস্তি না পায় সে জন্য আমরা সুষ্ঠু তদন্ত করে যথাযথ ব্যবস্থা নেব।'